

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৩৯. তরুদীর

এক ভীষণ উদ্বিগ্ন মানসিক রোগী এক মুসলিম চিকিৎসকের নিকট পরামর্শ চেয়েছিল। চিকিৎসক তাকে উপদেশ দিলেন, "জেনে রাখুন, ভবিষ্যতে যা কিছু ঘটবে তা আগেই নির্ধারিত হয়ে আছে, সুতরাং আল্লাহর অজানা ব্যতীত কোন কিছু নড়ে না এমনকি ফিসফিস শব্দও হয় না। অতএব, দুশ্চিন্তা কেন? নিম্নোক্ত হাদীসে একথা এভাবে আছে-

"আল্লাহ সৃষ্টিকে সৃষ্টি করার পঞ্চাশ হাজার বছর আগেই সকল সৃষ্টির তকদীর বা ভাগ্যলিপি বা কর্মবিধি লিখে রেখেছেন।"

বিখ্যাত আরব কবি মুতানাব্বি বলেছেন-

"ছোট লোকের চোখে ছোট জিনিস বড় দেখায় আর মহৎ লোকের চোখে বড় জিনিস ছোট দেখায়।"

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7648

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন